

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ: ১০ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২৭৮-আইন/২০২৫/৩২১-মুসক।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৪৮ ও সেবার কোড S০৪৮.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“পরিবহন ঠিকাদার:

ব্যাখ্যা।—“পরিবহন ঠিকাদার” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণ্যের বিনিময়ে কোনো উৎসে কর্তনকারী স্বত্বার নিকট (তালিকাভুক্ত হউক বা না হউক) যে কোনো পণ্য পরিবহনপূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাঃ মসিউর রহমান
প্রথম সচিব (মুসক নীতি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd